# ইরানের ৩৬ প্রতিষ্ঠানের বিরুদ্ধে নতুন মার্কিন নিষেধাজ্ঞা




ছবি: সংগৃহীত

ইরানের বিমান চলাচল খাতকে সহায়তার অভিযোগে দেশটির ৩৬টি প্রতিষ্ঠানের ওপর নতুন করে নিষেধাজ্ঞা আরোপ করেছে যুক্তরাষ্ট্র। নিষেধাজ্ঞার আওতায় রয়েছে ২৭টি ইরানি বিমান সংস্থাও।

মঙ্গলবার (৮ সেপ্টেম্বর) এক বিবৃতিতে যুক্তরাষ্ট্রের অর্থ মন্ত্রণালয় এ পদক্ষেপের কথা জানায়।

মার্কিন অর্থ মন্ত্রণালয়ের দাবি, ইরান সরকার তাদের বিমান চলাচল খাতকে অস্ত্র, জনবল এবং অবৈধ পণ্য পরিবহনের কাজে ব্যবহার করছে।

ওয়াশিংটন বলছে, ইরান সরকারকে আর্থিক সহায়তা দেওয়া বা দেশটির অর্থনীতিকে টিকিয়ে রাখতে ভূমিকা রাখা প্রতিষ্ঠানগুলোর বিরুদ্ধে কঠোর পদক্ষেপ নেওয়ার যে প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল, নতুন এই নিষেধাজ্ঞা তারই অংশ।

LENS ASIA

যুক্তরাষ্ট্রের অর্থমন্ত্রী স্কট বেসেন্ট বলেন, যেসব ইরানি বিমান সংস্থার বিরুদ্ধে নিষেধাজ্ঞা দেওয়া হয়েছে, তাদের সঙ্গে ব্যবসায়িক সম্পর্ক রাখা ব্যক্তি ও প্রতিষ্ঠানের জন্য এটি একটি সতর্কবার্তা।

তিনি বলেন, নিষেধাজ্ঞার আওতায় থাকা এসব প্রতিষ্ঠানের সঙ্গে ব্যবসা চালিয়ে গেলে সংশ্লিষ্টরা বৈশ্বিক আর্থিক ব্যবস্থা থেকে বিচ্ছিন্ন হয়ে পড়ার ঝুঁকিতে পড়তে পারেন।